

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর - ০৪.০০.০০০০.৮২১.২৯.০৪৯.১৫.২৭৮

০৪ বৈশাখ ১৪২৩
তারিখ:-----
১৭ এপ্রিল ২০১৬

পরিপত্র

বিষয়: ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন।


সরকারের বিঘোষিত নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাজক্ষিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-২০১৫ অর্থবছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয় এবং ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করা হয়। পরবর্তীতে ২০১৫-১৬ অর্থবছরে ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

২। ২০১৬-১৭ অর্থবছরের জন্য ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের পাশাপাশি বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন। মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণ মন্ত্রণালয়/বিভাগের সচিবের সঙ্গে এবং বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের প্রধানগণ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন। যে সকল ক্ষেত্রে বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় জেলা পর্যায়ের কার্যালয়ের কাজ তত্ত্বাবধান করে সে সকল ক্ষেত্রে জেলা পর্যায়ের কার্যালয়সমূহের প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের প্রধানের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করবেন। তবে, বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পক্ষসমূহ নির্ধারণের ক্ষেত্রে কোন প্রশ্ন উত্থাপিত হলে বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩। ২০১৬-২০১৭ অর্থ-বছরের জন্য সংশ্লিষ্ট ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের সুবিধার্থে পৃথক ৩টি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালাসমূহে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা, চুক্তির কাঠামো, অনুসরণীয় প্রক্রিয়া এবং কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি অন্তর্ভুক্ত রয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত নীতিমালাসমূহের অনুলিপি এইসঙ্গে সংযুক্ত করা হল।

৪। সংযুক্ত নীতিমালা অনুসরণ করে মন্ত্রণালয়/বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নপূর্বক আগামী ১৫ মে ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য এবং মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ জানানো হল।

সংযুক্তি: বর্ণনামতে।


(এন এম জিয়াউল আলম)
ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

